

রাজশাহী বোর্ডে শীর্ষে বগুড়া ক্যান্টন পাবলিক স্কুল অ্যান্ড কলেজ

■ জি এম সজল, বগুড়া অফিস

এ বছরও গতকাল শনিবার প্রকাশিত এসএসসি ও সমমানের পরীক্ষার ফলাফলে রাজশাহী শিক্ষা বোর্ডে শীর্ষে রয়েছে বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ। এছাড়া সেরা ২০ শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ৭টি স্থানই দখল করেছে বগুড়ার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান। বোর্ডে দ্বিতীয় বগুড়া জিলা স্কুল এবং জেলায় তৃতীয় ও বোর্ডে পঞ্চম হয়েছে বগুড়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় (ডিএম স্কুল)।

সফলত সূত্রে জানা যায়, গত বছরের মতো এবারো বোর্ডে প্রথম হয়েছে বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ। এই স্কুল থেকে এবার ৩শ ৫৪ জন পরীক্ষায় অংশ নিয়ে জিপিএ-৫ পেয়েছে ৩শ ২০ জন। বোর্ডে দ্বিতীয় হয়েছে বগুড়া জিলা স্কুল। স্কুলটির ২শ ৪২ জন পরীক্ষার্থীর মধ্যে ২শ ১৯ জন জিপিএ-৫ পেয়েছে। বোর্ডে পঞ্চম স্থানে থাকা বগুড়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় থেকে ২শ ৫৭ জন অংশ নিয়ে জিপিএ-৫ পেয়েছে ২শ ২১ জন। অষ্টম স্থানে থাকা বগুড়া বিয়াম মডেল স্কুল থেকে ২শ ৮২ জন অংশ নিয়ে জিপিএ-৫ পেয়েছে ২শ ২৫ জন। ১০ম অবস্থানে থাকা এসএসসি হারমান মাইনার স্কুল অ্যান্ড কলেজ থেকে ৪৮ জন পরীক্ষার্থীর মধ্যে জিপিএ-৫ পেয়েছে ৪৫ জন। চতুর্থ স্থানে থাকা বগুড়া পল্লী উন্নয়ন অ্যাকাডেমি স্কুল থেকে ১শ ৩৬ জন পরীক্ষায় অংশ নিয়ে ১শ ১৩ জন জিপিএ-৫ পেয়েছে। পঞ্চদশ স্থানে থাকা আমর্ড পুলিশ ব্যাটালিয়ন স্কুল থেকে এবার ২শ ১৭ জন পরীক্ষায় অংশ নিয়ে জিপিএ-৫ পেয়েছে ১শ ৬২ জন। শিক্ষা বোর্ডের সেরা তালিকায় স্থান পাওয়া এই ৭টি প্রতিষ্ঠান থেকেই এবার শতভাগ শিক্ষার্থী পাশ করেছে। বোর্ডে সেরা ২০ শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল অ্যান্ড কলেজ পর পর দুইবার প্রথম স্থান দখল করায় প্রতিষ্ঠানটির ক্যাম্পাসে বইছে

আনন্দের বন্যা। এর আগে ২০০৭ থেকে ২০০৯ পর্যন্ত পরপর তিনবার প্রথম স্থান দখল করেছিল বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল অ্যান্ড কলেজ। প্রতিষ্ঠানটির অধ্যক্ষ কর্নেল মাহবুবুর রহমান জানিয়েছেন, সাজেশনভিত্তিক পড়াশোনা নয় বরং সমস্ত বই পড়াতে হবে এমন মনোভাব নিয়েই তারা শিক্ষার্থীদের পড়াচ্ছেন। পাশাপাশি কোচিং নির্ভর পড়াশোনার পরিবর্তে ক্লাসের পড়া ক্লাসেই শেষ করার ওপর গুরুত্ব দিয়েছেন তারা।

বগুড়ার সেরা ১০

চলতি বছর অনুষ্ঠিত এসএসসি পরীক্ষার ফলাফলে সেরা ১০ শিক্ষা প্রতিষ্ঠানের নাম প্রকাশ করেছে বগুড়া জেলা শিক্ষা অফিস। জেলা শিক্ষা কর্মকর্তা গোপাল চন্দ্র গতকাল শনিবার দুপুরে প্রতিষ্ঠানগুলোর নাম প্রকাশ করেন।

৩শ ২০ জন জিপিএ-৫ পেয়ে জেলায় প্রথম স্থান অধিকার করেছে বগুড়া

সেরা ২০ এ রয়েছে
বগুড়ার ৭ শিক্ষা
প্রতিষ্ঠান

ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল অ্যান্ড কলেজ, ২শ ১৯ জন জিপিএ-৫ পেয়ে দ্বিতীয় হয়েছে বগুড়া জিলা স্কুল, ২শ ২১ জন জিপিএ-৫ পেয়ে তৃতীয় বগুড়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ২শ ২৫ জন জিপিএ-৫ পেয়ে চতুর্থ বিয়াম মডেল স্কুল অ্যান্ড কলেজ, ৪৫ জন জিপিএ-৫ পেয়ে পঞ্চম এস ও এস হারম্যান মেইনার স্কুল অ্যান্ড কলেজ, ১শ ১৩ জন জিপিএ-৫ পেয়ে ষষ্ঠ বগুড়া পল্লী উন্নয়ন ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজ, ১শ ৬২ জন জিপিএ-৫ পেয়ে সপ্তম আমর্ড পুলিশ ব্যাটালিয়ন পাবলিক স্কুল অ্যান্ড কলেজ, ৫৫ জন জিপিএ-৫ পেয়ে অষ্টম শেরপুর উপজেলার শেরউড ইন্টারন্যাশনাল প্রাইভেট স্কুল, ১শ ৩৩ জন জিপিএ-৫ পেয়ে নবম বগুড়া পুলিশ লাইন্স স্কুল অ্যান্ড কলেজ এবং ৩০ জন জিপিএ-৫ পেয়ে দশম হয়েছে শাজাহানপুর উপজেলার ডেবাজানী এস এম আর হাইস্কুল।



বগুড়া শনিবার প্রকাশিত এসএসসি পরীক্ষার ফলাফলে রাজশাহী শিক্ষা বোর্ডে ২০ শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল অ্যান্ড কলেজ পর পর দুইবার প্রথম স্থান দখল করায় প্রতিষ্ঠানটির ক্যাম্পাসে বইছে আনন্দের বন্যা। —ইত্তেফাক



কুমিল্লা: এবারের এস
সি পরীক্ষায়

পরীক্ষায় কুমিল্লা শিক্ষা বোর্ডে ১ম স্থান অর্জনকারী কুমিল্লা জিলা স্কুলের প্রধান শিক্ষকের সাথে
—ইত্তেফাক